আজকের কাগজ

তারিখ 08 AUG 1995
পৃষ্ঠা ৪ কলাম ৭

৩১

## হোমিওপ্যাথিক বোর্ড প্রসঙ্গে

হোমিওপ্যাথিক বোর্ডের ১৯৯৩-৯৪ শিক্ষা বর্ষের D.H.M.S ফাইনাল পরীক্ষা আজ পর্যন্ত অনুষ্ঠিত হয়নি। এ ব্যাপারে ইতিপূর্বে বিভিন্ন দৈনিক পত্রিকায় ছাত্র/ছাত্রীদের পক্ষ হতে দাবি জানানো হয়েছে। কিন্তু আশ্চর্য ব্যাপার কর্তৃপক্ষের এ ব্যাপারে কোনো মাথাব্যথা আছে বলে মনে হয় না। কারণ ১৯৯৫ সালের আগস্ট মাস চলছে, অথচ কর্তৃপক্ষ কোনো কথাই বলছে না। মনে প্রশ্ন হয় তবে কি হোমিওপ্যাথিক বোর্ড বিলুপ্ত হয়ে গেছে। শিক্ষাবর্ষ জটলা স্বাভাবিক ভাবেই সৃষ্টি হয়ে পড়বে। সংশ্লিষ্ট মহলের নিকট-এর কারণ জানতে চাইলে কোনো সঠিক উত্তর পাওয়া যায় না। যাই হোক এভাবে কোনো শিক্ষা ব্যবস্থা চলতে পারে না। এর একটা সমাধান হওয়া বিশেষ জরুরি প্রয়োজন। হোমিওপ্যাথির সঙ্গে সংশ্লিষ্ট মহলসহ মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট আবেদন আপনারা হস্তক্ষেপ করে এর একটা সমাধা করুন।

সত্যব্রত বিশ্বাস
*গ্রাম+ পোঃ হাট-কৃষ্ণপুর*
*জিলাঃ ফরিদপুর*